



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
এন্টি টেররিজম ইউনিট
বাড়ী নং-৩৫, সোহরাওয়ার্দী এভিনিউ
ব্লক-কে, বারিধারা, ঢাকা-১২১২।
www.atu.police.gov.bd



স্মারক নং- পিআর ১৩০/২৩

তারিখঃ ১২ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ
২৬ জানুয়ারী ২০২৩ খ্রিস্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: এন্টি টেররিজম ইউনিট কর্তৃক একুশে পদকপ্রাপ্ত প্রবীণ সাংবাদিক আফতাব আহমেদ হত্যা মামলার মৃত্যুদণ্ডপ্রাপ্ত পলাতক আসামী গ্রেফতার।

এন্টি টেররিজম ইউনিট (এটিইউ) এর একটি অভিযানিক দল গোপন সংবাদের ভিত্তিতে ২৫/০১/২০২৩ খ্রি. রাত্রি ০১.০০ ঘটিকায় দিনাজপুর জেলার ফুলবাড়ি থানাধীন শালখাম সীমান্তবর্তী দুর্গম এলাকায় অভিযান পরিচালনা করে একুশে পদকপ্রাপ্ত প্রবীণ সাংবাদিক আফতাব আহমেদ হত্যা মামলার মৃত্যুদণ্ডপ্রাপ্ত পলাতক আসামী মো: রাজু মুন্সি (২৫), পিতা- মো: নুরুল ইসলাম মুন্সি @ নরেজ মাস্টার, মাতা- মোছা: নিলুফা ইয়াসমিন, গ্রাম- বাজিতা (মুন্সি বাড়ী), ৮নং ওয়ার্ড, ১নং মাধবখালী ইউনিয়ন, থানা-মির্জাগঞ্জ, জেলা-পটুয়াখালী'কে গ্রেফতার করেছে। সে দীর্ঘ প্রায় ০৯ (নয়) বছর যাবৎ দেশের সীমান্তবর্তীসহ বিভিন্ন এলাকায় আত্মগোপনে ছিল।

আফতাব আহমেদ দৈনিক ইত্তেফাকের ফটো সাংবাদিক ছিলেন। তিনি বাংলাদেশের স্বাধীনতায়ুদ্ধ ও পরবর্তী সময়ে অনেক দুর্লভ ছবি তুলে আলোকচিত্র সাংবাদিকতায় অনন্য অবদানের স্বীকৃতিস্বরূপ একুশে পদকে ভূষিত হয়েছিলেন।

আফতাব আহমেদ (৭৮) রাজধানীর পশ্চিম রামপুরার ৬৩ নং ওয়াপদা রোডে নিজ বাসার ৩য় তলার উত্তর পাশের ফ্ল্যাটে একাকি বসবাস করতেন। ২০১৩ সালের ২৪ ডিসেম্বর রাতে তিনি নিজ বাসায় খুন হন। বাসায় একা থাকার সুযোগে তার ব্যক্তিগত গাড়ি চালক হুমায়ুন কবির, মো: রাজু মুন্সিসহ অন্যান্য আসামীগণ টাকা লুট করার সময় আফতাব আহমেদ চিৎকার করলে তাকে শ্বাসরোধ করে হত্যা করে। আফতাব আহমেদের ব্যক্তিগত গাড়ি চালক হুমায়ুন কবির গ্রেফতারকৃত আসামী মো: রাজু মুন্সির চাচাতো মামা।

এ ঘটনায় নিহতের ছেলে মনোয়ার আহম্মেদ সাগর (৫৫) বাদী হয়ে গত ২৬/১২/২০১৩ খ্রি. তারিখে এজাহার দায়ের করলে রামপুরা থানার মামলা নং-৩৩ (১২)২০১৩, ধারা- ৩০২/৩৪ (পেনাল কোড) রুজু হয়। উক্ত মামলা তদন্ত শেষে গত ২৫/০৩/২০১৪ খ্রি. তারিখে গ্রেফতারকৃত আসামী রাজু মুন্সিসহ অন্যান্য আসামীদের বিরুদ্ধে রামপুরা থানার অভিযোগপত্র নং-৭৭, তারিখ-২৪/০৩/২০১৪ খ্রি. ধারা-৩০২/৩৪ (পেনাল কোড) আদালতে দাখিল করা হয়।

ঢাকার দ্রুত বিচার ট্রাইব্যুনাল-৪ উক্ত মামলার বিচারকার্য শেষে ২০১৭ সালের ২৮ মার্চ গ্রেফতারকৃত মো: রাজু মুন্সিসহ পাঁচজনকে মৃত্যুদণ্ড ও একজনকে সাত বছরের কারাদণ্ড প্রদান করেন। আসামীদের ডেথ রেফারেন্স ও আপিল শুনানী শেষে মহামান্য হাইকোর্ট বেঞ্চ ১২/১০/২০২২ তারিখ আসামীদের বিরুদ্ধে নিম্ন আদালতের রায় বহাল রেখে আদেশ প্রদান করেন।

গ্রেফতারকৃত আসামী রাজু মুন্সী ২০১৩ সালে গ্রেফতার হয়ে এক বছর কারাভোগের পর জামিনে মুক্তি পেয়ে পলাতক হওয়ায় আদালত তার বিরুদ্ধে গ্রেফতারী পরোয়ানা ইস্যু করেন। দীর্ঘদিন দেশের বিভিন্ন স্থানে আত্মগোপনে থাকার পর সর্বশেষ সে সীমান্তবর্তী এলাকায় অবস্থান করে দেশের বাইরে পালানোর পরিকল্পনা করছিল। দীর্ঘ নয় বছর পলাতক থাকার পর সর্বশেষে এটিইউর নজরদারিতে সে গ্রেফতার হয়। গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে পরবর্তী আইনানুগ ব্যবস্থা প্রক্রিয়াধীন।

২৬/০১/২০২৩

(মোহাম্মদ আসলাম খান)

পুলিশ সুপার

(মিডিয়া অ্যান্ড অ্যাওয়ারনেস উইং)

এন্টি টেররিজম ইউনিট,

বাংলাদেশ পুলিশ, ঢাকা

E-mail: atu.spma@police.gov.bd